দৈনিক ইনকিলাব

তারিখ 23 SEP 1992
পৃষ্ঠা ৭ কলাম ৭

6

12

প্রধানমন্ত্রীর সভাপতিত্বে উচ্চ পর্যায়ের বৈঠক

# গণসাক্ষরতা কর্মসূচীর সুপারিশ প্রণয়নে টাস্কফোর্স গঠনের সিদ্ধান্ত

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভাপতিত্বে গতকাল রাতে তাঁর সচিবালয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। খবর বাসস'র।

বৈঠকে প্রাথমিক ও গণসাক্ষরতা কর্মসূচীকে সামাজিক আন্দোলনে পরিণত করার লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য শিগগির একটি টাস্কফোর্স গঠনের সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শিক্ষা জোরদার করার পদক্ষেপ নিয়ে আলোচনা করা হয়। প্রাথমিক ও গণসাক্ষরতা কর্মসূচী সফল করার পথে বিরাজমান বিভিন্ন সমস্যা আলোচনায় প্রাধান্য পায়।

প্রাথমিক শিক্ষাখাতে অবকাঠামোগত সুবিধা ও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাবকে অন্যতম প্রধান সমস্যা হিসেবে চিহ্নিত করা হয়। শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

বৈঠকে বাধ্যতামূলক ও সার্বজনীন প্রাইমারী শিক্ষার সাফল্যের জন্য জনগণকে উদ্বুদ্ধ করতে জাতীয় সংবাদ মাধ্যমকে ব্যবহার করার বিষয় নিয়ে আলোচনা করা হয়। এছাড়া প্রাইমারী ও গণশিক্ষা কার্যক্রম সফল করে তোলার জন্য মসজিদ ও মাদ্রাসার ইমামদের কাজে লাগানোর বিষয় নিয়েও আলোচনা হয়।

অন্যান্যের মধ্যে বৈঠকে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রী জমীর উদ্দীন খান, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান, ক্যাবিনেট সচিব আইউবুর রহমান, প্রধানমন্ত্রীর মুখ্যসচিব কে এম রাব্বানী, পরিকল্পনা কমিশন সদস্য এম মোকাম্মেল হক এবং প্রাইমারী ও গণশিক্ষা ডিভিশনের অতিরিক্ত সচিব এম রকিব উদ্দিন।